দৈনিক ইনকিলাব

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

তারিখ ... 18 JAN 1989 ...
পৃষ্ঠা ... ৮ কলাম ৫ ...

৩০



ঈশ্বরদীর বর্তমান চিত্র—৫

# শিক্ষা ক্ষেত্রে অনগ্রসর

ঈশ্বরদী, ১৭ জানুয়ারী (সংবাদদাতা)।— সার্বিক গুরুত্বের প্রেক্ষিতে ঈশ্বরদী জেলা শহর অপেক্ষা কোন অংশে কম নয়। তবুও শিক্ষা ক্ষেত্রে ঈশ্বরদী এখনও উল্লেখযোগ্য পর্যায়ে অগ্রসর হতে পারেনি। জনসংখ্যা অপেক্ষা শিক্ষা প্রতিষ্ঠানের স্বল্পতা, শিক্ষা প্রতিষ্ঠানের আর্থিক সমস্যা, সমাজের বিত্তবানদের শিক্ষা ক্ষেত্রে আগ্রহের অভাব ও উদাসীনতার কারণে শিক্ষা প্রতিষ্ঠানগুলো নানাবিধ সমস্যার আবর্তে নিপতিত রয়েছে। ফলে, পিছিয়ে পড়েছে শিক্ষার হার। মহাবিদ্যালয় ও উচ্চ বিদ্যালয়গুলো বিশেষ করে ঈশ্বরদী সরকারী মহাবিদ্যালয় ও ঈশ্বরদী উচ্চ বালিকা বিদ্যালয়ের বহুবিধ সমস্যা প্রকট হয়ে দেখা দিয়েছে। প্রয়োজনীয় শ্রেণী কক্ষ, আসবাবপত্র, ছাত্রাবাস, শিক্ষা, উপকরণ ও বিজ্ঞানাগারের সরঞ্জামাদির অভাব রয়েছে। বাড়তি আয়ের কোন উৎস না থাকায় এসব শিক্ষা প্রতিষ্ঠানের উন্নয়ন হচ্ছে না। ছাত্রাবাস না থাকায় শিক্ষার্থীদের বিভিন্ন গ্রামে লজিং অথবা ভাড়া থাকতে হয়। শ্রেণী কক্ষের অভাবে ছাত্র-ছাত্রীদের কষ্ট করতে হয়।

ঈশ্বরদীর একমাত্র সরকারী মহাবিদ্যালয় হিসেবে এখানে যে পরিমাণে ছাত্র-ছাত্রী ভর্তি হতে আসে তাদের অনেককেই নানাভাবে ভর্তি করা সম্ভব হয়ে ওঠে না। তাছাড়া বাসযোগ্য কোন ছাত্রাবাস আজ পর্যন্ত এখানে নির্মাণ করা হয়নি।

অন্যান্য শিক্ষা প্রতিষ্ঠানগুলোর মধ্যে বিশেষ করে গ্রামাঞ্চলের প্রাথমিক বিদ্যালয় ও মাদ্রাসাগুলো অন্তহীন সমস্যার মাঝে কোন মতে দাঁড়িয়ে আছে। বেশীর ভাগ বিদ্যালয় ও মাদ্রাসায় ছাত্র-ছাত্রীদের বসার মত প্রয়োজনীয়সংখ্যক বেঞ্চ নেই। চেয়ার-টেবিলের অভাব। ভাঙ্গা বেড়া, কোথাও দরজা নেই। মহাবিদ্যালয় ও বেশীরভাগ বিদ্যালয়েই রয়েছে শিক্ষক স্বল্পতা। মাদ্রাসাগুলোতে লিল্লাহ বোডিং চালানোর মত নেই কোন আর্থিক সংগতি। বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের শিক্ষা ক্ষেত্রে সহযোগিতা ও জ্ঞান চর্চার নিমিত্তে আজ পর্যন্ত ঈশ্বরদীতে নির্মাণ করা হয়নি কোন গ্রন্থাগার কিংবা পাঠাগার। প্রয়োজন ও চাহিদার প্রেক্ষিতে ঈশ্বরদীতে একটি মহিলা কলেজ প্রতিষ্ঠার দাবী বহু দিনের। কিন্তু আজ পর্যন্ত এর প্রতি কোনরূপ সাড়া পরিলক্ষিত হয়নি।